গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
এফ-৪/এ, আগারগাঁও প্র/এ
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.archaeology.gov.bd

## ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত শুদ্ধাচার বাস্তবায়ন কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব রতন চন্দ্র পণ্ডিত, মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর
তারিখ: ২৪ মে' ২০২২
সময়: সকাল- ৯.৩০টা
স্থান: অধিদপ্তরের সভাকক্ষ
উপস্থিতি: শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দ (সংযুক্তি-১ এ সন্নিবেশিত)

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অফিস তত্ত্বাবধায়ককে অনুরোধ করেন। অফিস তত্ত্বাবধায়ক প্রত্নতত্ত্ব অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর বিভিন্ন কর্মসম্পাদন সূচক উল্লেখ করেন। সভায় বিস্তারিত আলোচনার পর শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দ কর্তৃক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র:নং: | আলোচ্য বিষয় | আলোচনা/ অগ্রগতি | গৃহীতসিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা | | | |
| ১. | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির ৪র্থ সভা অনুষ্ঠিত হয়েছে। | শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির ৪র্থ সভার প্রমাণক যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করতে হবে। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি। |
| | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার জন্য শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। | কাঙ্খিত লক্ষ্য অর্জনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হয়ে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি। |
| | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের বিষয়ে অফিস তত্ত্বাবধায়ক সভায় জানান যে, কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত প্রতিবেদন ৩১/০৩/২২ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হযেছে। সহকারী পরিচালক (প্রশা:) সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে প্রধান কার্যালয়ের অব্যবহৃত আসবাবপত্রের নিলাম সম্পন্ন হয়েছে। | কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি। |
| | ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ৪র্থ ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন যথাযথ প্রমাণকসহ পরিপূর্ণভাবে ১৫ জুন,২০২২ এর মধ্যে প্রস্তুত করা এবং নির্ধারিত সময়ে তা' দাখিল করার বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর ৪র্থ ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে নির্ধারিত সময়ের মধ্যে দাখিলসহ ওয়েবসাইটে আপলোড করতে হবে। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি। |

| ক্র:নং: | আলোচ্য বিষয় | আলোচনা/ অগ্রগতি | গৃহীতসিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২. | ১.৭ আওতাধীন আঞ্চলিক কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | সভাকে অবহিত করেন যে, আঞ্চলিক কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের (৪র্থ ত্রৈমাসিক) ওপর ফিডব্যাক প্রদানের লক্ষ্যে ২৭/০৪/২০২২ তারিখে সভা আয়োজন করে ফিডব্যাক প্রদান করা হয়েছে। ফিডব্যাক অনুযায়ী আগামী অর্থবছরের প্রতিবেদনে যেন প্রতিফলন ঘটে সে বিষয়ে পর্যবেক্ষণ করার ওপর সকলে গুরুত্ব আরোপ করেন। | ২৭/০৪/২০২২ তারিখে অনুষ্ঠিত ফিডব্যাক সভার প্রমাণক নির্ধারিত সময়ের মধ্যে দাখিলসহ ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং ফিডব্যাক অনুযায়ী আঞ্চলিক দপ্তর হতে প্রতিবেদন প্রেরণ করা হয় কিনা তা' পর্যবেক্ষণ করতে হবে। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি। |
| | **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** | | | |
| ৩. | ৩.৫ ইফাইলিং | সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরে ই-ফাইলিং কার্যক্রম সম্পাদনের লক্ষ্যমাত্রা রয়েছে ৬০%। কিন্তু আগামী অর্থবছরে (২০২২-২৩) লক্ষ্যমাত্রা ৮০%। এ লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে এখন থেকেই শতভাগ ই-ফাইলিং কার্যক্রম সম্পাদনের উদ্যোগ নেয়ার প্রয়োজনীয়তার ওপর সকলে গুরুত্ব আরোপ করেন। | প্রতিটি শাখাকে ১০০% ই-ফাইলিং কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) ও সকল শাখা প্রধান |

০২। সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করার জন্য গুরুত্বারোপ করেন এবং গঠনমূলক আলোচনার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে আর কোনো আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৫।৫।২২

(রতন চন্দ্র পন্ডিত)
মহাপরিচালক
ফোন : ০২ - ৪১০ ২৪৬ ৫০
ই-মেইল : director_general@ archaeology.gov.bd

স্মারক : ৪৩.২৩.০০০০.১২৩.১৬.০০২.২১- ৮৭৩

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
২৫মে, ২০২২ খ্রিষ্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১। জনাব মাইনুর রহিম, উপপরিচালক (প্রশাসন), প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
২। খোন্দকার জাহিদুল করিম, প্রত্নতাত্ত্বিক প্রকৌশলী, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৩। জনাব মোঃ আমিরুজ্জামান, উপপরিচালক (প্রত্নসম্পদ), প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৪। জনাব মোঃ লিয়াকত আলী, প্রত্নতাত্ত্বিক রসায়নবিদ, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৫। জনাব মোঃ আতোয়ার রহমান, সহকারী পরিচালক (প্রশাসন), প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৬। জনাব মোঃ মহিদুল ইসলাম, সহকারী পরিচালক (প্রকাশনা), প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৭। হিসাব রক্ষণ কর্মকর্তা (অ:দা:), প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৮। জনাব শংকর কুমার রায়, অফিস তত্ত্বাবধায়ক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৫/৫/2022

(মাইনুর রহিম)
উপপরিচালক (প্রশাসন)।